

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
দাখিল ও এবতেদায়ী মাদ্রাসা শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা), নিউ বেইলী রোড,
ঢাকা-১০০০।
www.dme.gov.bd



স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০৩.০৫২.১৭.২১০

তারিখ: ১ ফাল্গুন ১৪২৭

১৪ ফেব্রুয়ারি ২০২১

বিষয়: পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলাধীন মধ্য আমখোলা দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (গণিত) জনাব **MD BABUL GAGI** (ইনডেক্স নং-1043226) এর এমপিও শীটে মুদ্রিত ভুল ব্যাংক হিসাব নম্বর সংশোধনপূর্বক সঠিক ব্যাংক হিসাব নম্বর সংযোজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

- সূত্র: (০১) জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী এর স্মারক নং-জেশিঅ/পটু/৯৬৪ তারিখ: ১৩.০১.২০২১খ্রি.
(০২) সুপার, মধ্য আমখোলা দাখিল মাদ্রাসা, গলাচিপা, পটুয়াখালী এর অগ্রায়ণ পত্র। তারিখ: ২২.১২.২০২০খ্রি.
(০৩) ব্যবস্থাপক, বুপালী ব্যাংক লিমিটেড, গলাচিপা শাখা, পটুয়াখালী এর স্মারক নং-গলাচিপা শাখা/ তারিখ: ২৮.০১.২০২১খ্রি.
(০৪) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, গলাচিপা শাখা, পটুয়াখালী এর স্মারক নং-গলা/প্রত্যয়ন/৭৯ তারিখ: ০৯.০২.২০২১খ্রি.
(০৫) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, আমতলী শাখা, বরগুনা, এর স্মারক নং-আম/প্রত্যয়ন/৫৩ তারিখ: ১১.০২.২০২১খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে, সুপার, মধ্য আমখোলা দাখিল মাদ্রাসা, গলাচিপা, পটুয়াখালী, কর্তৃক তাঁর মাদ্রাসায় সহকারী শিক্ষক (গণিত) পদে কর্মরত জনাব **MD BABUL GAGI** (ইনডেক্স নং-1043226) এর ব্যাংক হিসাব নম্বর সংশোধন বিষয়ক একটি আবেদন সূত্রোস্থ ০১নং স্মারকে অত্র অধিদপ্তরে দাখিল করা হয়।

০২. দাখিলকৃত আবেদন ও আবেদনের সাথে সংযুক্ত কাগজ-পত্র পর্যালোচনায় দেখা যায় যে, জনাব **MD BABUL GAGI** (ইনডেক্স নং-1043226), দক্ষিণ রাওঘা নুর আল-আমিন মাধ্যমিক বিদ্যালয়, আমতলী, বরগুনাত্তে সহকারী শিক্ষক (গণিত) পদে কর্মরত ছিলেন এবং ০৫.০৪.২০১৫ ইং তারিখ পর্যন্ত মাসিক বেতন ভাতাদি উত্তোলন করেছেন। (সোনালী ব্যাংক লিমিটেড, আমতলী শাখা, বরগুনা, প্রত্যয়নের কপি সংযুক্ত) উক্ত প্রতিষ্ঠানের এমপিও শীটে ইনডেক্স নং 1043226 এর বিপরীতে ব্যাংক হিসাব নম্বর T-৪৮৫৮ মুদ্রণ রয়েছে। পরবর্তীতে তিনি মধ্য আমখোলা দাখিল মাদ্রাসা, গলাচিপা, পটুয়াখালী ০৬.০৪.২০১৫খ্রি. তারিখে সহকারী শিক্ষক (গণিত) যোগদান করেন এবং ২০১৬ সালের জানুয়ারী মাসে উক্ত প্রতিষ্ঠানে প্রথম এমপিওভুক্ত হন। উক্ত মাদ্রাসার এমপিও শীটে জনাব **MD BABUL GAGI** এর ইনডেক্স নং-1043226 এর বিপরীতে ব্যাংক হিসাব নম্বর T-৪৮৫৮ মুদ্রণ রয়েছে।

০৩. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, গলাচিপা শাখা, পটুয়াখালী কর্তৃক প্রদত্ত প্রত্যয়নে উল্লেখ করা হয়েছে “জনাব **MD BABUL GAGI**, সহকারী শিক্ষক (গণিত) পদে মধ্য আমখোলা দাখিল মাদ্রাসা, উপজেলা: গলাচিপা, জেলাঃ পটুয়াখালী। তাহার ইনডেক্স নং- 1043226, অত্র শাখায় তাহার নামীয় সঞ্চয়ী হিসাব নং BT-২৮০১। উক্ত হিসাবের মাধ্যমে তিনি ০৬.০৪.২০১৫ থেকে ২৯.০৬.২০১৬ পর্যন্ত

লেনদেন করে ০৩.০৮.২০১৬ইং তারিখ বন্ধ করে সমুদয় স্থিতি উত্তোলন করে” (কপি সংযুক্ত)

০৪. পরবর্তীতে উক্ত মাদ্রাসার সকল শিক্ষক কর্মচারীর বেতন ভাতা মে/২০১৬ থেকে সোনালী ব্যাংক লিমিটেড, গলাচিপা শাখা, পটুয়াখালীর পরিবর্তে রূপালী ব্যাংক লিমিটেড, গলাচিপা শাখায় স্থানান্তর করা হলেও উক্ত মাদ্রাসার এমপিও শীটে উক্ত শিক্ষক এর ইনডেক্স নং-1043226 এর বিপরীতে ব্যাংক হিসাব নম্বর থেকে T-৪৮৫৮ রয়েছে মর্মে প্রতীয়মান হয়।

০৫. বর্তমানে উক্ত প্রতিষ্ঠানের এমপিও তে জনাব MD BABUL GAGI (ইনডেক্স নং-1043226) এর ব্যাংক হিসাব নম্বর (T-৪৮৫৮) মুদ্রিত হয় যা অদ্যাবধি অব্যহত আছে মর্মে আবেদন পত্রে উল্লেখ করা হয়।

০৬. ব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, গলাচিপা শাখা, পটুয়াখালী কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্রে উল্লেখ করা হয়েছে যে, “জনাব MD BABUL GAGI, সহকারী শিক্ষক (গণিত), মধ্য আমখোলা দাখিল মাদ্রাসা মাদ্রাসা, গলাচিপা, পটুয়াখালী এর ইনডেক্স নং- 1043226 । অত্র শাখা হতে সঞ্চয়ী হিসাব নম্বর- ৫৬২৯০১১০০১৯১৪ এর মাধ্যমে তাঁর বেতন-ভাতাদি জমা ও উত্তোলন করে আসছেন। উক্ত হিসাব নম্বরটি সঠিক। কিন্তু এমপিও শীটে ভুলক্রমে তাঁর হিসাব নম্বর ৫৬২৯০১১০০১৯১৪ এর স্থলে T-৪৮৫৮ আসে। উক্ত নম্বরটিতে কোন প্রকার টাকা জমা বা উত্তোলন হয় না। এই ভুল হিসাব নম্বরটি এমপিও শীট থেকে বাদ দিয়ে ও সঠিক হিসাব নম্বরটি সংযোজন করতে রাষ্ট্রের কোন অপচয় বা ক্ষতি হবে না। এমপিও শীট থেকে ভুল হিসাব নম্বরটি বাদ দিয়ে সঠিক হিসাব নম্বর ৫৬২৯০১১০০১৯১৪ এমপিও শীটে সংযোজন করা প্রয়োজন।” (কপি সংযুক্ত)

০৭. ব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, গলাচিপা শাখা, পটুয়াখালী কর্তৃক বিস্তারিত প্রত্যয়ন, ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, গলাচিপা শাখা, পটুয়াখালীর বিস্তারিত প্রত্যয়ন, জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী এর সুপারিশসহ অগ্রায়ণ এবং প্রতিকার প্রার্থীর আবেদন অনুযায়ী জনাব MD BABUL GAGI এর প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর নিম্নরূপঃ

নাম, পদবী, ইনডেক্স নং, প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	এমপিও শীটে বিদ্যমান ব্যাংক হিসাব নম্বর	আবেদনকারীর প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর	ব্যাংক কর্তৃক প্রত্যয়নে প্রার্থীত হিসাব নম্বর	মন্তব্য
MD BABUL GAGI (ইনডেক্স নং-1043226), সহকারী শিক্ষক (গণিত), মধ্য আমখোলা দাখিল মাদ্রাসা মাদ্রাসা, গলাচিপা, পটুয়াখালী।	T-৪৮৫৮	৫৬২৯০১১০০১৯১৪	৫৬২৯০১১০০১৯১৪	এমপিও শীটে ব্যাংক হিসাব নম্বর T-৪৮৫৮ এর পরিবর্তে আবেদনকারীর চাহিত ব্যাংক হিসাব নম্বর ৫৬২৯০১১০০১৯১৪ সংশোধন যোগ্য।

০৮. এমতাবস্থায় প্রতিকার প্রার্থীর আবেদন, জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী এর সুপারিশসহ অগ্রায়ণ এবং ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, গলাচিপা শাখা, পটুয়াখালী বিস্তারিত প্রত্যয়ন এবং ব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, গলাচিপা শাখা, পটুয়াখালী কর্তৃক বিস্তারিত প্রত্যয়ন অনুযায়ী জনাব MD BABUL GAGI এর প্রার্থীত ব্যাংক হিসাব নম্বর সংশোধনপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ:

- ১। পরবর্তীতে কোন ভুল/মিথ্যা তথ্য প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান ও সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃপক্ষ দায়ী থাকবে।
- ২। সরকারের অর্থের কোন প্রকার অপচয়/তছরুফ হলে সংশ্লিষ্ট আবেদনকারী, প্রতিষ্ঠান প্রধান এবং ব্যাংকের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উক্ত অর্থ ফেরত দিতে বাধ্য থাকিবে।

সংযুক্তি: নয় (০৯) ফর্দ।



১৪-২-২০২১

কে, এম, রুহুল আমীন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

পরিচালক (অতিরিক্ত দায়িত্ব) (প্রশাসন ও অর্থ) এবং
প্রকল্প পরিচালক/সিস্টেম এনালিস্ট, মাদ্রাসা এডুকেশন
ম্যানেজমেন্ট এন্ড ইনফরমেশন সিস্টেম, মাদ্রাসা শিক্ষা
অধিদপ্তর।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০..০০৪.০৩.০৫২.১৭.২১০/১(৯)

তারিখ: ১ ফাল্গুন ১৪২৭
১৪ ফেব্রুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, পটুয়াখালী
- ৩) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, গলাচিপা শাখা, পটুয়াখালী
- ৪) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, আমতলী শাখা, বরগুনা
- ৫) ব্যবস্থাপক, রূপালী ব্যাংক লিমিটেড, গলাচিপা শাখা, পটুয়াখালী
- ৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গলাচিপা, পটুয়াখালী
- ৭) সভাপতি/সুপার, মধ্য আমখোলা দাখিল মাদ্রাসা, গলাচিপা, পটুয়াখালী
- ৮) জনাব MD BABUL GAGI (ইনডেক্স নং-1043226), মধ্য আমখোলা দাখিল মাদ্রাসা, গলাচিপা, পটুয়াখালী।
- ৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

Uttamul Islam

১৪-২-২০২১

জান্নাতুন নাহার
সহকারী পরিচালক